শেখ হাসিনার উদ্যোগ

# পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

( এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম )
মরিচাল, হুলারহাট, পিরোজপুর।
ফোন নং-০৪৬১-৬২২৭৮, ফ্যাক্স নং-৬২৩৯৭, ইমেল নং-gmppbs @yahoo.com

স্মারক নং-২৭.১২.৭৯৮০.৫২১.০১.০৩৮.২০২৩ ৪৭৭১

তারিখঃ- ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
০৮ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ যানবাহনের (জীপ গাড়ী, পিকআপ গাড়ী ও মোটরসাইকেল) কমপ্রিহেনসিভ বীমা (১ম শ্রেণী) নবায়নের জন্য কোটেশন (RFQ) প্রদানের পুনঃঅনুরোধ জ্ঞাপন পত্র (দরপত্র নং- ৪৯/২০২২-২০২৩) ।**

১. পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির যানবাহনের (জীপ গাড়ী, পিকআপ গাড়ী ও মোটরসাইকেল) কমপ্রিহেনসিভ বীমা (১ম শ্রেণী) ১ বছরের জন্য নবায়নের লক্ষ্যে সরকার অনুমোদিত প্রকৃত বীমাকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) পুনঃদরপত্র আহবান করা যাচ্ছে।

২. কমপ্রিহেনসিভ বীমা নবায়নের লক্ষ্যে সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদ সংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs.pirojpur.gov.bd-হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে পিরোজপুর পবিস হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মরিচাল, হুলারহাট, পিরোজপুর অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং যানবাহনের কমপ্রিহেনসিভ বীমা (১ম শ্রেণী) নবায়নের ক্ষেত্রে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ১৫-০৬-২০২৩ খ্রিঃ তারিখ এবং সময় ১২:০০ ঘটিকায় কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে "যানবাহনের কমপ্রিহেনসিভ বীমা (১ম শ্রেণী) নবায়ন" এর লক্ষ্যে কোটেশন আগামী ১৫-০৬-২০২৩ খ্রিঃ তারিখ এবং সময়- বেলা ১২:০৫ ঘটিকা এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমুহ ১৫-০৬-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েব সাইট www.pbs.pirojpur.gov.bd এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. সন্তোষজনকভাবে কমপ্রিহেনসিভ বীমা নবায়নের লক্ষ্যে বীমা সার্টিফিকেট ইস্যুর পর বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমানস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩. মূল্যায়ণ কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ণ করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ণ কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ১০ (দশ)দিনের মধ্যে বীমা নবায়ন ও সার্টিফিকেট ইস্যুর কাজ সম্পন্ন করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে যানবাহন বীমানবায়ন কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিলপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৭. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৮. দরপত্র দাখিলের পূর্বে যানবাহ বিমাকরণ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে অত্র পবিসের এজিএম (প্রশাসন) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৯. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে যানবাহনের কমপ্রিহেনসিভ বীমাকরণ এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল এ বর্ণিত যানবহনসমূহ অবশ্যই বীমাকরণ এর পূর্বে অত্র পবিসের যথাযথ কর্তৃপক্ষকে বীম সার্টিফিকেট এর নমুনা দেখিয়ে অনুমোদন গ্রহণ করতঃ যানবাহন বীমা নবায়ন নিশ্চিত করতে হবে।

২০. কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে যানবাহনের বীমা করণের জন্য কার্যাদেশ প্রাপ্ত হলে তার কপি দরপত্রের সাথে সংযুক্ত করলে তা দরপত্রদাতার অতিরিক্ত অভিজ্ঞতা হিসেবে গন্য করা হবে।

২১. যে সকল বীমাকারী প্রতিষ্ঠান কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে কমপ্রিহেনসিভ বীমা দাবী পরিশোধে ব্যর্থ হলে তাদের দরপত্রে অংশগ্রহনের প্রয়োজন নাই ।

০৮-০৬-২৩
(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থা পরিচালন (দঃঅঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)।

০৩। জেলা প্রশাসক, পিরোজপুর।
০৪। পুলিশ সুপার, পিরোজপুর।
০৫। তত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৬। মেয়র সিটি কর্পোরেশন, পিরোজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..............................পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, পিরোজপুর।
০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, পিরোজপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার,....................................পিরোজপুর।

(০৩–১০) নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১১। ডিজিএম, (সদর-কারিগরী)/মঠবাড়ীয়া/স্বরুপকাঠী/নাজিরপুর/পাথরঘাটা জোনাল অফিস, পিপবিস।
১২। এজিএম (ওএন্ডএম), ভান্ডারিয়া/বামনা সাব-জোনাল অফিস, পিপবিস।
১৩। এজিএম (অর্থ-হিসাব/আইট), পিপবিস, [এজিএম (আইটি) ওয়েব সাইডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন]।
১৪। মেসার্স ..........................................................।
১৫। নোটিশ বোর্ড, পিরোজপুর পবিস।
১৬। অফিস কপি/মাষ্টার কপি।

০৮-০৬-২৩
(আবু উমাম মোঃ মাহবুবুল হক)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

E:\AGM-GS\মালামাল ক্রয় সংক্রান্ত 01.038\RFQ আহবান.............................................docx